

টমাস টারনসমারের কবিতা
BRIEFPause IN THE ORGAN RECITAL
এর অনুবাদ

বাজনায় খানিকটা বিরতি
ডঃ খায়রুল হক চৌধুরী



অর্গেনের মূর্ছনায় খানিকটা বিরতি;
সাথে সাথে গীরজার চত্তরে নেমে আসে কবরের নীরবতা
কিন্তু, তা কয়েক মৃহুর্তের জন্য।

সহসাই যানবাহনের আওয়াজ ভেসে আসছে পাশের সড়ক থেকে - এ মৃহুর্তে সেটাই অধিকতর শক্তি
শালী অর্গেন।

আমরা যেন চার পাশ থেকে সেই অর্গেনের গুন গুনানীতে মগ্ন - গির্জার দেয়ালে তা প্রবাহিত।
বাহিরের পৃথিবী সচ্ছ চলচিত্রের মত একে অপরের সাথে লড়াইয়ে মন্ত্র।
এবং রাস্তার শব্দের মত প্রতিভাত পিয়ানোর টুংটাং
একেকটা শিরা লাফিয়ে উঠছে ধমনীতে।

আমি আমার শরীরের প্রবহমান রক্তের শব্দ শুনছি - যে পাত্রটি আমার মধ্যে লুকিয়ে এবং যা আমাকে
কথা বলতে সাহায্য করে॥

আমার শরীরের রক্তরূপ নিকটতায় এবং সূত্ররূপ দূরবর্তিতায় - আমার চার বৎসর বয়সী কায়া
সামনে এসে দাঁড়ায়॥

আমি স্পষ্ট শুনছি একটাট্রাক বিকট শব্দে ছয় শত বৎসরের পূরানো প্রাচীর কাঁপিয়ে চলে যায়॥

এই চতুর মায়ের কোলের চেয়ে কোন অংশেই কম নয় - এই মৃহূর্তে আমি একজন শিশু।

দূরবর্তী বয়স্কদের বাক্যালাপ হারিয়ে যাচ্ছে - সেই সাথে মিশে বিজয়ী এবং বিজীতদের সংলাপ ॥

নীল রংয়ের চতুরে অবিন্যস্ত ধর্মালোচনা
স্তন্ত্রসমূহ প্রসারিত আশ্চর্য বৃক্ষের আদলে ॥

কোন গাছই নেই (শুধুই সাধারণ মেঝে)
কোন মুকুটই নেই (শুধুই ছাদ দাঢ়িয়ে) ॥

আবারও একটি সপ্ত সামনে এসে দাঁড়ায় ।

আমি যেন গীর্জার চতুরে দাঁড়িয়ে,

চারপাশ আলোকিত

আমি কার অপেক্ষায় দাঁড়িয়ে?

একজন সখার জন্য!

সে আসছে না কেন?

সে তো এখানে অনেক আগেই চলে এসেছে ।

ধীরে ধীরে মরণ বেরিয়ে আসে ভূগর্ভ থেকে - চার পাশ আলোকিত ।

এক শক্তিশালী টেউ আছড়ে পড়ে বইয়ের পাতায় - তারপরে আরেকটা টেউ - তারপরে আরেক ।